অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/6/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের পার্কগুলোতে সূর্যগ্রহণের ইভেন্ট এবং কার্যক্রমের ঘোষণা করেছেন

এপ্রিল ৪ তারিখে হতে চলেছে, স্টেটব্যাপী ইভেন্টগুলো দর্শনার্থীদের সূর্যগ্রহণ এবং এটি দেখার সময় নিরাপদে থাকার উপায়গুলো সম্পর্কে জানতে আমন্ত্রণ জানাবে

এপ্রিল ৪ তারিখে হতে যাওয়া পূর্ণগ্রাস দর্শনের পথ ভিতরে এবং বাইরে বিভিন্ন উপায়ে দেখার ইভেন্ট অনুষ্ঠিত হবে

আজকে গভর্নর ক্যাথি হোকল ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের পার্ক এবং ঐতিহাসিক জায়গাগুলো ৪ এপ্রিল, 2024 তারিখে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস এবং অ্যাডিরনড্যাকসে ঘটতে যাওয়া বিরল পূর্ণ সূর্যগ্রহণ উদযাপনের জন্য বিভিন্ন ইভেন্ট এবং ক্রিয়াকলাপের আয়োজন করবে। এই মহাজাগতিক ঘটনাটি প্রতি 400 বছরে মাত্র একবারই একই জায়গায় ঘটে থাকে। সূর্যগ্রহণটি একটি সংকীর্ণ পথ জুড়ে সম্পূর্ণরূপে দৃশ্যমান হবে যেটাকে পূর্ণ গ্রাসের পথ হিসেবে উল্লেখ করা হয়েছে এবং সেখানে দর্শকরা স্টেটের বাকি অংশ জুড়ে একটি বিরল আংশিক সূর্যগ্রহণ দেখতে পারবেন।

"নিউ ইয়র্ক স্টেটে পূর্ণগ্রাস সূর্যগ্রহণ দেখার জন্য আমাদের সুন্দর স্টেট পার্কগুলোতে যখন আমরা জনসাধারণকে স্বাগত জানাতে প্রস্তুত তখন একই সাথে আমরা তাদেরকে এই অসাধারণ ইভেন্টের সাথে আরো কয়েক ডজন ইভেন্ট এবং কার্যক্রমেরও আয়োজন করছি," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কবাসীসহ দর্শনার্থীরা যাতে নিরাপদে এই প্রজন্মের মহাজাগতিক ঘটনাটি প্রত্যক্ষ করতে পারে সেটা নিশ্চিত করাই হলো আমাদের শীর্ষ অগ্রাধিকার এবং আমি সবাইকে সুরক্ষার বিষয়টি মাথায় রাখতে উৎসাহিত করি যাতে সবাই আমাদের স্টেটে এই অভিজ্ঞতাকে উপভোগ করতে পারে।"

বৃহস্পতিবার, 7 মার্চ থেকে শুরু করে স্টেটের বিভিন্ন পার্কের ইভেন্টগুলো ইতিহাস ও সৌর বিজ্ঞানে মেতে থাকা শিক্ষামূলক প্রোগ্রামের পাশাপাশি "নিজে করুন" পিনহোল সূর্যগ্রহণ পর্যবেক্ষণকারী অবকাঠামোর মত হস্তশিল্প প্রকল্পগুলোকে সহায়তা করবে। ৪ এপ্রিল, বড় পরিসরে সূর্যগ্রহণ-দেখার জন্য একত্রিত হওয়ার জায়গা নির্ধারিত হয়, সূর্যগ্রহণ-থিমযুক্ত কার্যক্রম, আলোচনা এবং সাধারণ জ্ঞানের অংশ, খাবার বা স্ন্যাকস যুক্ত করা হয় এবং চোখের গুরুতর আঘাত প্রতিরোধে সূর্য পর্যবেক্ষণকারী চশমা বিতরণ করা হয়। যে সকল লোকজন নিউ

ইয়র্কের স্টেট পার্ক এবং ঐতিহাসিক স্থানগুলোতে আয়োজিত কয়েক ডজন ইভেন্ট ও কার্যক্রমের জন্য নিবন্ধন করতে চান - গ্রহণের দিন ও গ্রহণের পূর্ব পর্যন্ত অনুষ্ঠিত উভয় দিন - তারা OPRHP ইভেন্ট ক্যালেন্ডার এবং সূর্যগ্রহণ ওয়েবসাইটের মাধ্যমে এটি করতে পারেন।

ইতোপূর্বে আগে গভর্নর ঘোষণা দিয়েছিলেন যে, এপ্রিল 4, 2024 তারিখ থেকে শুরু করে ন্যাশনাল অ্যারোনটিক্স অ্যান্ড স্পেস অ্যাডমিনিস্ট্রেশন (National Aeronautics and Space Administration, NASA) এর বিজ্ঞানী, ঐ বিষয়ে বিশেষজ্ঞ এবং নভোচারীরা নায়াগ্রা ফলস স্টেট পার্কের পাশাপাশি শহর জুড়ে নায়াগ্রা ফলস পাবলিক লাইব্রেরি (Niagara Falls Public Libraries), আন্ডারগ্রাউন্ড রেলরোড হেরিটেজ সেন্টার (Underground Railroad Heritage Center), অ্যাকোয়ারিয়াম অব নায়াগ্রা (Aquarium of Niagara), নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি পাওয়ার ভিস্তা (New York Power Authority Power Vista), নায়াগ্রা ফলস কুলিনারি ইনস্টিটিউট (Niagara Falls Culinary Institute)-এ প্রোগ্রামিং এবং প্রদর্শনীর আয়োজন করবেন। 8 এপ্রিলের ঘটনার পূর্বের সম্পূর্ণ সপ্তাহান্তজুড়ে সকল ইভেন্ট বিনামূল্যের এবং জনগণের জন্য উন্মুক্ত হবে (স্থানের উপলভ্যতার ভিত্তিতে আসন সংরক্ষণ করা আবশ্যক হতে পারে)। সম্পূর্ণ গ্রামের পুরো পথজুড়ে অন্যান্য একাধিক শহরে NASA একই ধরনের ইভেন্ট আয়োজন করবে। ইভেন্টগুলোর একটি সম্পূর্ণ তালিকা 2024 সূর্যগ্রহণ | নায়াগ্রা ফলস USA ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেট পার্কস কমিশনার প্রো টেম্পোর রেন্ডি সিমন্স বলেন,"8 এপ্রিল অনুপ্রেরণামূলক মহাজাগতিক প্রদর্শনীর প্রত্যাশায় নিউ ইয়র্ক স্টেট পার্কগুলো পূর্ণগ্রাস সূর্যগ্রহণ সম্পর্কে লোকেদের জানানোর জন্য বিভিন্ন ইভেন্ট এবং কার্যক্রম দেখাতে পেরে গর্বিত। আমাদের পরিবেশ বিষয়ক শিক্ষক এবং পার্ক কর্মকর্তারা কাছের ও দূরের দর্শনার্থীদের স্বাগত জানাতে প্রস্তুত এবং নিশ্চিত করছে যে এই অভিজ্ঞতা অর্জনটি হবে সকল বয়সী মানুষের জন্য নিরাপদ ও স্মরণীয়।"

ফ্লোরিডার নাসার কেনেডি স্পেস সেন্টারের পরিচালক জ্যানেট পেট্রো বলেন, "NASA এই বিস্ময়কর ইভেন্টের কারণে নায়াগ্রা জলপ্রপাতের মতো মোহিত করার মত জায়গায় থাকতে পেরে উচ্ছ্বসিত। দেখার জন্য সুন্দর হওয়ার পাশাপাশি এই পূর্নগ্রাস সূর্যগ্রহণ বিজ্ঞানীদের সূর্যের করোনা গবেষণা করার একটি বিরল সুযোগ প্রদান করবে, সূর্য-পৃথিবীর পারস্পরিক সম্পর্ক এবং আমাদের গ্রহে এর প্রভাব সম্পর্কে আমাদের জ্ঞানকে আরো সমৃদ্ধ করে তুলবে। আমি আশা করি আপনি আপনার সূর্যগ্রহণের চশমা - এবং কয়েকজন বন্ধুকে নিয়ে - আমাদের সাথে এই বিশেষ উপলক্ষ্য উদযাপনের জন্য আমরা যে পরিকল্পনা করেছি তার কয়েকটি ইভেন্টে আমাদের সাথে যোগ দেবেন।"

নিউ ইয়র্ক স্টেটে সূর্যগ্রহণ

8 এপ্রিল বিকেলে, একটি পূর্ণগ্রাস সূর্যগ্রহণ নিউ ইয়র্ক স্টেটের পশ্চিম ও উত্তর অংশ জুড়ে থাকবে। 3:15 থেকে 3:30 সময়ের মধ্যে 15 মিনিটেরও কম সময়ের মধ্যে, পৃথিবী ও সূর্যের মধ্যে দিয়ে চাঁদ যাবে, দিনটিকে 1½ মিনিট থেকে 3½ মিনিটের জন্য রাতে পরিণত করবে। প্রায় 100-মাইল চওড়া এই পথটি বিকেল 3:15 মিনিটের ঠিক পরে স্টেটের দক্ষিণ-পশ্চিম অংশে প্রবেশ করবে এবং 3:30 মিনিটের ঠিক আগে উত্তর নিউ ইয়র্ক ছেড়ে যাবে। এই পথের মধ্যে যেসব সিটি

ও টাউন অন্তর্ভুক্ত রয়েছে সেগুলো হলো জেমসটাউন, বাফেলো, রচেস্টার, সিরাকিউজ, ওয়াটারটাউন, ওল্ড ফোর্জ, লেক প্লাসিড ও প্ল্যাটসবার্গ। সম্পূণ ইভেন্টটি 2½ ঘণ্টা পর্যন্ত স্থায়ী হবে, যখন চাঁদের ছায়া নিক্ষেপ করা হয় তখন শেষ মুহূর্তগুলোতে সূর্য প্রথম বাধা দেওয়ার সময়টি চিহ্নিত করে।

স্টেটের অন্যান্য অঞ্চলগুলোর জন্য যা পথের বাইরে রয়েছে, সেখানে শান্তভাবে বেশ স্বর্গীয় দৃশ্য থাকবে। লং আইল্যান্ডে স্টেটের সর্বনিম্ন কভারেজ থাকবে, সেখানে 88 শতাংশ সূর্যের ছায়া থাকবে। নিউ ইয়র্ক সিটিতে 89 শতাংশ এবং রাজধানী অঞ্চলে 96 কভারেজ দেখা যাবে। পরবর্তী মোট সূর্যগ্রহণ যা সংলগ্ন মার্কিন যুক্তরাষ্ট্র থেকে দৃশ্যমান হবে তা আগস্ট 2044 পর্যন্ত হবে না।

<u>সূর্যগ্রহণের সময় জননিরাপত্তা</u>
সম্পূর্ণ সূর্যগ্রহণের সংক্ষিপ্ত মোট পর্ব ব্যতীত, যখন চাঁদ সূর্যের উজ্জ্বল মুখকে সম্পূর্ণরূপে অবরুদ্ধ করে, তখন সূর্য দেখার জন্য বিশেষ চোখের সুরক্ষা ছাড়া সরাসরি সূর্যের দিকে তাকানো অনিরাপদ। NASA-এর মতে, ক্যামেরার লেন্স, বাইনোকুলার বা টেলিস্কোপের মাধ্যমে সূর্যের কোনো অংশকে অপটিক্সের সামনের অংশে সুরক্ষিত বিশেষ-উদ্দেশ্যের সৌর ফিল্টার ছাড়াই তাৎক্ষণিকভাবে চোখে গুরুতর জখমের কারণ হবে। সূর্যগ্রহণের আংশিক পর্যায়গুলি শুধুমাত্র বিশেষায়িত সৌর দেখার চশমা ("গ্রহনের চশমা") বা একটি হাতে ধরা সৌর ভিউয়ারের সাহায্যে সরাসরি পর্যবেক্ষণ করা যায়। **নিয়মিত সানগ্লাস, পোলারাইজড বা অন্যথায়, সূর্যগ্রহণের চশমার জন্য নিরাপদ প্রতিস্থাপন নয়।**

গভর্নর হোকল দৃঢ়তার সাথে সূর্যগ্রহণ উদযাপনে উৎসাহীদের নিরাপদে একটি প্রজন্মের ইভেন্টে অংশ নিতে উৎসাহিত করেন:

- বিশেষায়িত সৌর দর্শন চশমার মাধ্যমে আপনার চোখকে সুরক্ষিত করুন
- এই ইভেন্টের দিকে যাবার পূর্বে ট্র্যাফিক পরীক্ষা করা কারণ অতিরিক্ত পরিমাণ দর্শনার্থী প্রত্যাশা করা হচ্ছে
- আবহাওয়ার জন্য প্রস্তুতি নেওয়া
- উপযুক্ত গিয়ার নিয়ে আসা এবং ক্যাম্পিং করলে টিক্সের জন্য নজর রাখা

গত 17 মাস ধরে প্রায় দুই ডজন স্টেট এজেন্সি ও কর্তৃপক্ষের সমন্বয়ে গঠিত একটি ইন্টারএজেন্সি টাস্ক ফোর্স নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দা ও দর্শনার্থীদের জন্য একটি নিরাপদ ও স্মরণীয় দেখার অভিজ্ঞতা নিশ্চিত করার পরিকল্পনায় সহযোগিতা করছে। এটি গুরুত্বপূর্ণ সুরক্ষা ও প্রস্তুতির তথ্য সংগ্রহ, অঞ্চল নির্দিষ্ট দেখার কার্যক্রমগুলোকে সম্প্রসারণ এবং সহায়তা করে এবং স্থানীয় সরকার ও পৌরসভাগুলোর সাথে নিয়মিত যোগাযোগ বজায় রেখে, বিশেষত সামগ্রিকতার পথে থাকা ব্যক্তিদের সূর্যগ্রহণের অভিজ্ঞতা অর্জনের জন্য একটি প্রধান স্থান হিসেবে স্টেটের বিষয়ে সচেতনতা তৈরির দিকে মনোনিবেশ করে। নিউ ইয়র্কের জননিরাপত্তা প্রচেষ্টা স্টেট পার্ক ও স্টেট রোডগুলোতে স্টেটের স্বাভাবিক নিয়মের ভূমিকার সাথে সামঞ্জস্যপূর্ণ এবং এই আনন্দপূর্ণ ইভেন্টের কাছাকাছি আসার সাথে সাথে তাদের নিজস্ব কোড, আইন ও চাহিদা অনুসারে স্থানীয় সরকারগুলোকে তাদের পরিকল্পনা ও সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে।

এই ধরনের ইভেন্টের জন্য জননিরাপত্তা চ্যালেঞ্জগুলোর মধ্যে রয়েছে ট্র্যাফিক ব্যবস্থাপনা, যোগাযোগ ক্ষমতা ও জনস্বাস্থ্য ও নিরাপত্তা। স্টেট, কাউন্টি ও স্থানীয় জননিরাপত্তা ও জরুরি ব্যবস্থাপনার প্রচেষ্টাগুলো স্টেটের অভ্যন্তরে এবং বাইরে থেকে সূর্যগ্রহণ দেখতে আসা লোকদের আগমন থেকে প্রত্যাশিত চাহিদা অনুসারে তৈরি করা হয়েছে এবং এটি অব্যাহত থাকবে।

পূর্ণ গ্রাসের পথের সময় স্টেট পার্ক ও ঐতিহাসিক জায়গাগুলোতে ইভেন্টসমূহ

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

অ্যালেগনি স্টেট পার্ক
সূর্যগ্রহণ দেখার ইভেন্ট (একাধিক প্রোগ্রাম)
সোমবার, এপ্রিল 8, 2024, সকাল 10:00 – বিকেল 4:00

বাফেলো হারবার স্টেট পার্ক
মধ্যরেখায় পূর্ণ গ্রাস
সোমবার, 8 এপ্রিল, 2024, রাত 12:00 – বিকেল 4:30

নক্স ফার্ম স্টেট পার্ক
টিনি টটস - স্পেস এক্সপ্লোরার
বৃহস্পতিবার, এপ্রিল 4, 2024, সকাল 10:00 – সকাল 11:00

লেক এরি স্টেট পার্ক
সূর্যগ্রহণ দর্শন ও কারুশিল্প
সোমবার, এপ্রিল 8, 2024, দুপুর 1:00 – বিকেল 4:00

চৌতাউকা লেকে লং পয়েন্ট স্টেট পার্ক
সূর্যগ্রহণ দর্শন ও কারুশিল্প
সোমবার, এপ্রিল 8, 2024, দুপুর 1:00 – বিকেল 4:00

মিডওয়ে স্টেট পার্ক
সূর্যগ্রহণ দর্শন ইভেন্ট
সোমবার, এপ্রিল 8, 2024, দুপুর 1:00 – বিকেল 4:00

নায়াগ্রা ফলস স্টেট পার্ক
DIY পিনহোল সোলার ইক্লিপস প্রজেক্টর
বৃহস্পতিবার, 7 মার্চ, 2024, সন্ধ্যা 6:00 – সন্ধ্যা 7:30
শনিবার, 23 মার্চ, 2024,বিকেল 3:30 – বিকেল 5:00

TSE ট্রিভিয়া

শুক্রবার, 8 মার্চ, 2024,বিকেল 5:30 – সন্ধ্যা 6:30

এখানে যখন সূর্যগ্রহণ শেষ ছিল
শুক্রবার, মার্চ 22, 2024, বিকেল 5:30 – সন্ধ্যা 6:30

জলপ্রপাত এ হাটাহাটি করা
শুক্রবার, 5 এপ্রিল, 2024, দুপুর 1:00 – দুপুর 2:30
শনিবার, 6 এপ্রিল, 2024, দুপুর 1:00 - দুপুর 2:30 এবং সন্ধ্যা 6:00 – সন্ধ্যা 7:30
রবিবার, 7 এপ্রিল, 2024, দুপুর 1:00 - দুপুর 2:30 এবং সন্ধ্যা 6:00 – সন্ধ্যা 7:30

টোটালিটি এট দ্য ফলস
সোমবার, 8 এপ্রিল, 2024, সকাল 10:00 – বিকেল 4:30

উডলন বিচ স্টেট পার্ক
ফান ইন দ্য সান ক্রাফটস
রবিবার, 7 এপ্রিল, 2024, সকাল 10:00 – দুপুর 11:00

ফিঙ্গার লেকস এন্ড সেন্ট্রাল নিউ ইর্য়ক

কায়ুগা লেক স্টেট পার্ক
সূর্যগ্রহণ
সোমবার, 8 এপ্রিল, 2024, দুপুর 2:00 – বিকেল 4:30

ফেয়ার হ্যাভেন বিচ স্টেট পার্ক
পূর্ণগ্রাস সূর্যগ্রহণ (একাধিক প্রোগ্রাম)
সোমবার, 8 এপ্রিল, 2024, দুপুর 12:00 – বিকেল 4:30

গণন্দগান স্টেট হিস্টোরিক সাইট
Ëgä:hgwáhdö't – একটি গ্রহণ হবে (একাধিক প্রোগ্রাম)
সোমবার, 8 এপ্রিল, 2024, দুপুর 12:00 – বিকেল 5:00

সেলকির্ক শোরস স্টেট পার্ক
গ্রহণ – আর্থ বেস II
সোমবার, 8 এপ্রিল, 2024, দুপুর 12:00 – বিকেল 4:00

নর্থ কান্ট্রি / অ্যাডিরনড্যাকস

ক্রাউন পয়েন্ট স্টেট ঐতিহাসিক স্থান
গ্রহণ দেখা যাবে
সোমবার, 8 এপ্রিল, 2024, সকাল 10:00 – বিকেল 4:00

কম্বারল্যান্ড বে স্টেট পার্ক
সূর্যগ্রহণ সোমবার
সোমবার, 8 এপ্রিল, 2024, দুপুর 2:00 – বিকেল 4:30

ওয়েলসলি আইল্যান্ড স্টেট পার্ক
নদীতে পূর্ণগ্রাস
সোমবার, 8 এপ্রিল, 2024, সকাল 10:00 – বিকেল 5:00

বৃহত্তর রাজধানী অঞ্চল / পূর্ব অ্যাডিরনড্যাকস

জন ব্রাউন ফার্ম
জন ব্রাউন ফার্ম গ্রহণ দেখা
সোমবার, 8 এপ্রিল, 2024, সকাল 10:00 – বিকেল 4:00

পূর্ণ গ্রাসের পথের বাইরে স্টেটের উদ্যান এবং ঐতিহাসিক স্থানগুলোতে ইভেন্ট (আংশিক গ্রহণ)

বৃহত্তর রাজধানী অঞ্চল / পূর্ব অ্যাডিরনড্যাকস

জন বয়েড থাচার স্টেট পার্ক
সূর্যগ্রহণ: সক্রিয় থাকার সময়
শনিবার, 23 মার্চ, 2024, দুপুর 1:30 – দুপুর 2:30

লং আইল্যান্ড

- কনেটকোট রিভার স্টেট পার্ক প্রিজার্ভ
সূর্যগ্রহণ 101
শুক্রবার, 8 মার্চ, 2024, সন্ধ্যা 6:00 – রাত 8:00

ওমেন ইন স্পেস!
শুক্রবার, 15 মার্চ, 2024, সন্ধ্যা 6:00 – রাত 8:00

সূর্যগ্রহণের ইতিহাস
শুক্রবার, 29 মার্চ, 2024, সন্ধ্যা 6:00 – রাত 8:00

- সানকেন মেডো স্টেট পার্ক (গভর্নর আলফ্রেড ই. স্মিথ)
সূর্যগ্রহণ 101
রবিবার, 24 মার্চ, 2024, সকাল 10:00 – সকাল 11:30

টাইনি টটস প্রোগ্রামস: মিস্টার গোল্ডেন সান
বৃহস্পতিবার, 28 মার্চ, 2024, সকাল 10:30 – সকাল 11:30

সূর্যগ্রহণ ইতিহাস পারিবারিক প্রোগ্রাম
শুক্রবার, 29 মার্চ, 2024, সন্ধ্যা 6:00 – রাত 8:00

হাডসন ভ্যালি / ক্যাটস্কিল

বিয়ার মাউন্টেন স্টেট পার্ক
বিয়ার মাউন্টেনে সূর্যগ্রহণ দেখা
সোমবার, 8 এপ্রিল, 2024, দুপুর 2:00 – বিকেল 4:00

মিনেওয়াস্কা স্টেট পার্ক
গ্রহণের জন্য প্রস্তুতি! স্যামের পয়েন্টে আপনার নিজের সূর্যগ্রহণ পর্যবেক্ষণকারী তৈরি করুন
বুধবার, 27 মার্চ, 2024, সকাল 10:00 – দুপুর 12:30
- মিনেওয়াস্কা স্টেট পার্ক সংরক্ষিত এলাকা: স্যামস পয়েন্ট এরিয়া

রকফেলার স্টেট পার্ক সংরক্ষিত এলাকা
চূড়ান্ত কাউন্টডাউন: সূর্যগ্রহণ সম্পর্কিত বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী ও হস্তশিল্প!
রবিবার, 17 মার্চ, 2024,দুপুর 2:00 – বিকেল 3:00

নিউ ইয়র্ক সিটি

ক্লে পিট পন্ডস স্টেট পার্ক প্রিজার্ভ
আর্ট ইন দ্য পার্ক: সূর্যগ্রহণ দর্শনার্থী
শনিবার, 16 মার্চ, 2024,দুপুর 1:00 – বিকেল 3:00

ফ্র্যাঙ্কলিন ডি. রুজভেল্ট ফোর ফ্রিডম স্টেট পার্ক
আর্ট ইন দ্য পার্ক: সূর্যগ্রহণ দর্শনার্থী
শনিবার, 16 মার্চ, 2024,দুপুর 1:00 – বিকেল 3:00

গ্যান্ট্রি প্লাজা স্টেট পার্ক
ইক্লিপস আর্ট ইন দ্য পার্ক
বৃহস্পতিবার, 21 মার্চ, 2024, বিকেল 3:00 – বিকেল 4:30

মার্শা পি. জনসন স্টেট পার্ক
আর্ট ইন দ্য পার্ক: সূর্যগ্রহণ দর্শনার্থী
বৃহস্পতিবার, 28 মার্চ, 2024, বিকেল 3:00 – বিকেল 4:30

শার্লি চিশলম স্টেট পার্ক

আর্ট ইন দ্য পার্ক: আপনার নিজের সূর্যগ্রহণ পর্যবেক্ষণকারীটি তৈরি করুন!
শনিবার, 30 মার্চ, 2024, দুপুর 1:00 – বিকেল 3:00

সূর্যগ্রহণ দর্শণকারীর পার্টি
সোমবার, 8 এপ্রিল, 2024, দুপুর 2:00 – বিকেল 4:00

সোলার ইক্লিপস হাইক
সোমবার, 8 এপ্রিল, 2024, দুপুর 2:00 – বিকেল 4:00

রিভারব্যাঙ্ক স্টেট পার্ক (ডেনি ফারেল রিভারব্যাঙ্ক স্টেট পার্ক)
আর্ট ইন দ্য পার্ক: সূর্যগ্রহণ দর্শনার্থী
রবিবার, 10 মার্চ, 2024, দুপুর 1:00 – দুপুর 3:00

রবার্তো ক্লেমেন্ট স্টেট পার্ক
আর্ট ইন দ্য পার্ক: আপনার নিজের সূর্যগ্রহণ পর্যবেক্ষণকারীটি তৈরি করুন
রবিবার, 10 মার্চ, 2024, সকাল 11:00 – দুপুর 1:30

নিরাপত্তার সঙ্গে সম্পূর্ণ সূর্যগ্রহণের অভিজ্ঞতা নেয়ার জন্য স্টেট পার্কগুলোতে আয়োজিত সকল কার্যক্রমের তালিকা জানতে আমাদেরর ইভেন্ট ক্যালেন্ডার দেখুন। নিউ ইয়র্ক স্টেটে 2024 সালের মোট গ্রহণ সম্পর্কে আরো তথ্যের জন্য, https://www.iloveny.com/events/eclipse-2024/ দেখুন।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন 250টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, বিনোদনমূলক পথ, গলফ কোর্স, বোট লঞ্চ এবং আরো অনেক কিছুর তত্ত্বাবধান করে যা 2023 সালে রেকর্ড 84 মিলিয়ন দর্শনার্থী দেখেছিল। এর মধ্যে যেকোনো বিনোদন এলাকা সম্পর্কে আরো তথ্যের জন্য, parks.ny.gov ভিজিট করুন, বিনামূল্যে NY স্টেট পার্কস এক্সপ্লোরার মোবাইল অ্যাপটি ডাউনলোড করুন বা 518.474.0456 নম্বরে ফোন করুন। পুরো 2024 সাল জুড়ে আমাদের শতবর্ষ উদযাপনে আমাদের সাথে যোগদান করুন এবং ফেসবুক, ইনস্টাগ্রাম, এক্স (পূর্বেকার টুইটার), এবং OPRHP ব্লগের মাধ্যমে আমাদের সাথে সংযুক্ত হন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন